



চট্টগ্রাম বন্দরের সক্ষমতা কয়েক গুণ বাড়ছে, ডিসেম্বরেই বিদেশি অপারেটর নিয়োগ সম্পন্ন: বিডা চেয়ারম্যান



সংগৃহীত ছবি

বিডা চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন জানিয়েছেন, চলতি বছরের ডিসেম্বরের মধ্যেই দেশের বড় বন্দরগুলোতে বিদেশি অপারেটর নিয়োগ প্রক্রিয়া শেষ হবে। বন্দরের আধুনিকায়ন ও সংস্কার শেষে ২০৩০ সালের মধ্যে চট্টগ্রাম বন্দরের সক্ষমতা কয়েক গুণ বৃদ্ধি পাবে। ইতোমধ্যে নিউ মুরিং কনটেইনার টার্মিনাল নৌবাহিনী পরিচালনার পর কনটেইনার হ্যান্ডলিং বেড়েছে ৩০% এবং জাহাজের অপেক্ষার সময় কমেছে ১৩ ঘণ্টা।

রবিবার (১০ আগস্ট) বিকেলে চট্টগ্রাম বন্দরে এজেন্ট ডেস্ক উদ্বোধন শেষে বক্তব্য দেন বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন। তিনি জানান, চলতি বছরের ডিসেম্বরের মধ্যে দেশের প্রধান বন্দরগুলোতে বিদেশি অপারেটর নিয়োগ সম্পন্ন করা হবে, যা বন্দরের দক্ষতা ও গতি বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

তিনি বলেন, চলমান সংস্কার ও আধুনিক প্রযুক্তি প্রয়োগের ফলে বন্দর ব্যবস্থাপনায় দুর্নীতি ও হয়রানি অনেকাংশে হ্রাস পাবে। ২০৩০ সালের মধ্যে চট্টগ্রাম বন্দরের সক্ষমতা কয়েক গুণ বাড়ানোর লক্ষ্যে কাজ চলছে।

নিউ মুরিং কনটেইনার টার্মিনাল নৌবাহিনী পরিচালিত ড্রাইডক লিমিটেডের অধীনে যাওয়ার পর থেকে কনটেইনার হ্যান্ডলিং ৩০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এছাড়া, জাহাজের গড় অপেক্ষার সময় ১৩ ঘণ্টা কমে এসেছে, যা আমদানি-রপ্তানি কার্যক্রমে গতি এনেছে। এই উন্নয়ন ভবিষ্যতে আন্তর্জাতিক বাণিজ্যে বাংলাদেশের প্রতিযোগিতামূলক অবস্থান আরও শক্তিশালী করবে।